



সিলেটের জেলা প্রশাসক সারওয়ার আলমকে প্রত্যাহার



ডিসি সারওয়ার আলম। ছবি: সংগৃহীত

সিলেটের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. সারওয়ার আলমকে বর্তমান দায়িত্ব থেকে সরিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পদায়ন করা হয়েছে।

রোববার জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

প্রজ্ঞাপন অনুযায়ী, মো. সারওয়ার আলমকে বদলি করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। জনস্বার্থে জারি করা এ আদেশ তাৎক্ষণিকভাবে কার্যকর হবে বলেও উল্লেখ করা হয়েছে।

মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, প্রশাসনিক পুনর্বিন্যাসের অংশ হিসেবে এ পদায়ন করা হয়েছে।

উল্লেখ্য, ২০২৫ সালের আগস্টে জারি করা এক প্রজ্ঞাপনের মাধ্যমে তাকে সিলেটের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছিল।

নতুন জেলা প্রশাসক নিয়োগের বিষয়ে পৃথক আদেশ জারি করা হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।